গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,সুনামগঞ্জ।
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.drrosunamganj.gov.bd

স্মারক নং-৫১.০১.৯০০০.০০০.১৪.০৩২.২৫- ২৮২ তারিখ: ২৭/০৪/২০২৬খ্রি.

বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে ২য় পর্যায়ের উপ-বরাদ্দকৃত প্রকল্পসমূহ সংশোধন প্রসঙ্গে।

সূত্র : ১. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০০৪.২৫-১২৪ তারিখ: ০২/১২/২০২৫ খ্রি.
২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.০০৩.২২-৩৯ তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রি.
৩.উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর এর স্মারক নং-৫১.০১.৯০৮৯.০০০.৪২.০১৭.২৫- ১১৮০ তারিখ: ০৮/০৪/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে উপজেলাওয়ারী মোট ৬,১৩,১৬,৬২৯.১৯/- (ছয় কোটি তের লক্ষ ষোল হাজার ছয়শত উনত্রিশ দশমিক এক নয়) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) হতে প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য এ কার্যালয়ের ৫১.০১.৯০০০.০০০.১৯.০৩৩.২৫-২০৪/১ নং স্মারকের ১৯/০২/২০২৬ খ্রি: তারিখে উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর বরাবর উপ-বরাদ্দ প্রদান করা হয়। সুনামগঞ্জ সদর উপজেলার নিম্নবর্ণিত উপ-বরাদ্দকৃত প্রকল্পটি বাস্তবায়নে অতি বৃষ্টির কারণে প্রকল্প স্থানে পানি জমে যাওয়ার কারণে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা। উক্ত প্রকল্পসমূহ সংশোধনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর উল্লিখিত স্মারকসমূহের মাধ্যমে অত্র কার্যালয়ে পত্র প্রেরণ করেন। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর এর সংশোধিত প্রকল্পসমূহ গত ২৭/০৪/২৬ খ্রি: তারিখে জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর এঁর অনুকূলে নিম্নলিখিত শর্ত মোতাবেক ব্যয়ের নিমিত্ত নির্দেশক্রমে উপ-বরাদ্দকৃত প্রকল্পের সংশোধিত উপ-বরাদ্দ প্রদান করা করা হলো।

<u>সুনামগঞ্জ সদর উপজেলার সংশোধিত প্রকল্পসমূহ:</u>

| প্রকল্প নং | পূর্বের প্রকল্পের নাম | উপজেলার নাম | টাকার পরিমান | প্রকল্প নং | সংশোধিত প্রকল্পের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৪ | নলোয়ারপাড়া মোশারফের বাড়ি হইতে বদিউজ্জামের বাড়ি পর্যন্ত রাস্তায় মাটি ভরাট। | সুনামগঞ্জ সদর | ২,০০,০০০/- | ১৪ | ইসলামগঞ্জ বাজারের গলি সংস্কার | ২,০০,০০০/- | অতি বৃষ্টির কারণে প্রকল্প স্থানে পানি জমে যাওয়ার কারণে |

শর্তাবলী:

১. ২০২৫-২০২৬ অর্থবছরে ২য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩০/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে **এবং সমাপনান্তে প্রতিবেদন দাখিল করতে হবে।**
২. এ কর্মসূচির অর্থ ব্যয় চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।
৩. এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টিআর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৪. বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু এবং অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।
৫. গৃহীত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে।
৬. প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্ক ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।

৭. নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ি ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা করতে হবে।

৮. **প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মৰকর্তাদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।**

৯. বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

১০. প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি প্রতিবেদন এবং বাস্তবায়িত প্রকল্পের মাস্টাররোল সমন্বয়ান্তে চূড়ান্ত প্রতিবেদন এ কার্যালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

১১. নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১২. উপজেলা নির্বাহী অফিসার তাঁর অনুকূলে জারিকৃত উপ-বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দপত্র upload করবেন।

- এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(স্বাক্ষর) ২৮-৭-২৬

(হাসিবুল হাসান ডিও)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অ:দা)
জেলা প্রশাসক সুনামগঞ্জ এর পক্ষে
ফোন- ০২-৯৯৮৮৪২০৯৬

উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট।
৩. পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্হাপনা অধিদপ্তর, ঢাকা।
৪. সহকারী কমিশনার, গোপনীয় শাখা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৬. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৭. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ বরাদ্দপত্রটি জেলা তথ্য বাতায়নে upload করার জন্য অনুরোধ করা হল।
৮. অফিস কপি।

## ২০২৫-২০২৬ অর্থবছরে ২য় পর্যায় টিআর প্রকল্প পরিবর্তন।

| পূর্বের প্রকল্প | ইউনিয়ন | বরাদ্দকৃত টাকা | বর্তমান প্রকল্প | বরাদ্দকৃত টাকা | পরিবর্তনের কারণ |
|---|---|---|---|---|---|
| (১৪) নলোয়ারপাড়া মোশারফের বাড়ী হইতে বদিউজ্জামের বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট। | সুরমা | ২,০০,০০০/= | (১৪) ইসলামগঞ্জ বাজারের গলি সংস্কার। | ২,০০,০০০/= | অতি বৃষ্টির কারণে প্রকল্প স্থানে পানি জমে যাওয়া। |

০৮-০৪-২০২৬
মোঃ আবু হাসনাত সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

08/04/2026
সুলতানা জেরিন
পরিচিতি নং-১৭৯৬২
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

সদয় অনুমোদন করা যায়
(হা[illegible]ুল হাসান জিও)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অ:দা:)
সুনামগঞ্জ

অনুমোদিত
29-08. 2026
জেলা প্রশাসক
সুনামগঞ্জ